দৈনিক
# কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ রবিবার ॥ ২৬ জুলাই ২০২৬ ॥ ১১ সফর ১৪৪৮ ॥ ১১ শ্রাবণ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৫৫ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা


**আল কুরআন**

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

পক্ষান্তরে যারা ঈমান এনেছে এবং সৎকাজ করেছে। তাদের প্রাপ্য পরিপুর্ণভাবে দেয়া হবে। আর আল্লাহ অত্যাচারীদেরকে ভালবাসেন না।

সূরা আল ইমরান ৫৭


নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
অ্যাঙ্কর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত নোঙ্গর

সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫




## রাষ্ট্রপতি কে হবেন, সিদ্ধান্ত বিএনপির দলীয় বৈঠকে: ফখরুল

**কীর্তনখোলা ডেস্ক**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, নতুন রাষ্ট্রপতি কে হবেন ২ এর পাতায় দেখুন



## সাংবাদিকদের অ্যাক্টিভিস্ট হওয়া উচিত নয় : তথ্যমন্ত্রী

**কীর্তনখোলা ডেস্ক**

সাংবাদিকতা এমন একটি প্রক্রিয়া যা মানুষের প্রত্যাশা অনুযায়ী সমাজের দর্পণ হিসেবে কাজ করে। তাই সাংবাদিকদের অ্যাক্টিভিস্ট ২ এর পাতায় দেখুন



## আন্দোলনের জন্য ডাক আসবে, ঘরে ঘরে দুর্গ গড়ে তুলতে হবে

**কীর্তনখোলা ডেস্ক**

বিরোধী দলীয় প্রধান ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, আন্দোলনের জন্য ডাক আসবে। ২ এর পাতায় দেখুন



## গণভোটের রায় বাস্তবায়ন না করলে সরকার মেয়াদ সম্পন্ন করতে পারবে না

**কীর্তনখোলা ডেস্ক**

জাতীয় সংসদের বিরোধীদলীয় চিফ হুইপ ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন ২ এর পাতায় দেখুন

# টানা বৃষ্টি ও পাহাড়ি ঢলে স্বপ্ন ভঙ্গ দখিনের ৪১ হাজার কৃষকের

**কীর্তনখোলা রিপোর্ট**

টানা ভারী বৃষ্টিপাত ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলে বরিশাল বিভাগের বিস্তীর্ণ কৃষিজমি পানির নিচে তলিয়ে গেছে। সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে আমন ধানের বীজতলা, পাশাপাশি নষ্ট হয়েছে গ্রীষ্মকালীন নানা শাকসবজিও। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের হিসাবে, এ দুর্যোগে বিভাগের ৯ হাজার হেক্টর জমির ফসল আক্রান্ত হয়েছে এবং ক্ষতির মুখে সংকটে পড়েছেন ৪১ হাজার ২১০ জন কৃষক। এতে আমন মৌসুমের উৎপাদন ও কৃষকদের আর্থিক পুনরুদ্ধার নিয়ে নতুন করে উদ্বেগ তৈরি হয়েছে। কৃষি বিভাগের তথ্য অনুযায়ী, গত ৯ জুলাই থেকে শুরু হওয়া টানা বৃষ্টিতে নদ-নদীর পানি বেড়ে নিম্নাঞ্চলের কৃষিজমিতে প্রবেশ করে। এর ফলে বরগুনায় সর্বোচ্চ ৬ হাজার ৭০৯ হেক্টর জমির ফসল আক্রান্ত হয়েছে। তবে আংশিক ক্ষতির দিক থেকে সবচেয়ে বেশি ক্ষতি হয়েছে পিরোজপুরে, যেখানে ১ হাজার ৪৬৫ হেক্টর জমির ফসল ক্ষতিগ্রস্ত হয়েছে। একই জেলার ২৫৭ হেক্টর জমির ফসল পুরোপুরি নষ্ট হয়েছে। অন্যদিকে আর্থিক ক্ষতির পরিমাণ সবচেয়ে বেশি হয়েছে ভোলা জেলায়। জেলাভিত্তিক হিসাবে পিরোজপুরে ২৩ হাজার ৯২৫ টন আমন বীজতলা এবং ১ হাজার ৬৮০ টন গ্রীষ্মকালীন শাকসবজি ক্ষতিগ্রস্ত হয়েছে। ঝালকাঠিতে ১ হাজার ৬৪৩ টন, পটুয়াখালীতে ২৪৪ টন, বরগুনায় ৪৯৮ টন এবং ভোলায় ১ হাজার ৯৬০ টন ফসলের ক্ষতি হয়েছে। সব মিলিয়ে বরিশাল অঞ্চলে মোট ক্ষতিগ্রস্ত ফসলের পরিমাণ দাঁড়িয়েছে ২৯ হাজার ৯৫০ মেট্রিক টন। কৃষি বিভাগের প্রাথমিক হিসাব অনুযায়ী, এ দুর্যোগে বরিশাল অঞ্চলে প্রায় ১৯ কোটি টাকার আর্থিক ক্ষতি হয়েছে। এর মধ্যে পিরোজপুরে ৪ কোটি ৫৫ লাখ টাকা, ঝালকাঠিতে ২ কোটি ৪৫ লাখ ৪ হাজার টাকা, পটুয়াখালীতে ১ কোটি ৩ লাখ ১৫ হাজার ৯০০ টাকা, বরগুনায় ৮৪ লাখ ১০ হাজার টাকা এবং ভোলায় প্রায় ৯ কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে। ক্ষতিগ্রস্ত কৃষকদের একজন পটুয়াখালী জেলার রাঙ্গাবালি উপজেলার চালিতাবুনিয়া গ্রামের চাষী নান্না গাজী বলেন, টানা বৃষ্টির কারণে তার আমন বীজতলা সম্পূর্ণ পানির নিচে চলে গেছে। এখন নতুন করে কীভাবে চাষাবাদ করবেন, তা নিয়ে দুশ্চিন্তায় রয়েছেন। একইভাবে পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলার আরেক চাষী দেলোয়ার হোসেন ৩ এর পাতায় দেখুন



## ডেঙ্গুতে মৃত্যু ৪০ জনে পৌঁছালো

**কীর্তনখোলা ডেস্ক**

এডিস মশাবাহিত ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে আরও একজন মারা গেছেন। এ নিয়ে চলতি বছর এ রোগে ৪০ জনের মৃত্যু হলো। এছাড়া নতুন ৪৩৯ জন রোগী দেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন। বর্তমানে চিকিৎসাধীন রোগীর সংখ্যা এক হাজার ১০৩ জন। শনিবার (২৫ জুলাই) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এক বার্তায় এ তথ্য জানানো হয়। বার্তা অনুযায়ী, নতুন মারা যাওয়া রোগী একজন পুরুষ এবং তার বয়স ২৬ থেকে ৩০ বছরের মধ্যে। বর্তমানে সবচেয়ে বেশি ৪০৩ জন চিকিৎসা নিচ্ছেন ঢাকা বিভাগের বিভিন্ন হাসপাতালে। এছাড়া বরিশালে ২২৬, খুলনায় ১৬৬, চট্টগ্রামে ১২৭, ময়মনসিংহে ৮৮, রাজশাহীতে ৫৯, রংপুরে ২৯ ও সিলেট বিভাগে পাঁচজন চিকিৎসাধীন। মারা যাওয়াদের তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে, মোট ৪০ জনের মধ্যে নারী ২৩ জন বা ৫৭ দশমিক ৫ শতাংশ এবং পুরুষ ১৭ জন বা ৪২ দশমিক ২ এর পাতায় দেখুন

# দাদনের চক্রে বন্দি জেলেদের জীবন

**কীর্তনখোলা রিপোর্ট**

বরিশালের মেঘনা উপকূলীয় বিস্তীর্ণ চরাঞ্চলের অসংখ্য জেলের জীবন দাদনের চক্রে বন্দি। জ্বালানি সংকট, ঘন ঘন সরকারি নিষেধাজ্ঞা আর সহজ শর্তে ব্যাংক ঋণ না পাওয়ার সুযোগে আড়তদার ও মহাজনদের চড়া সুদের ফাঁদে আটকে পড়েছেন হিজলা-মেহেন্দীগঞ্জের মৎস্যজীবীরা। জীবন বাজি রেখে প্রতিদিন নদী ও সমুদ্রে জাল ফেললেও ঋণের বোঝা না কমে বরং চক্রবৃদ্ধি হারে বাড়ছে। বেঁচে থাকার তাগিদে বাধ্য হয়ে দাদন নেওয়া এসব প্রান্তিক জেলের সংসার এখন অনিশ্চয়তা আর চরম ক্ষোভের মুখে। জানা গেছে, বরিশালের হিজলা ও মেহেন্দীগঞ্জের ধুলখোলা, মেমানিয়া, হরিনাথপুর, বড়জালিয়া, উলানিয়া, গোবিন্দপুরসহ বিস্তীর্ণ চরাঞ্চলে এক থেকে দেড় লাখ জেলের বসবাস। মেঘনাসহ বিভিন্ন নদীকে ঘিরেই তাদের জীবন-জীবিকা। কিন্তু মাছ ধরার ওপর একের পর এক নিষেধাজ্ঞা তাদের জীবনকে আরও দুর্বিষহ করে তুলছে। বরিশালের খোরশেদ আলম ১৫ বছর ধরে সমুদ্র ও নদীতে মাছ ধরছেন। প্রতিদিন মাছ ধরে মহাজনের লোকের কাছে বিক্রি করলেও বছর শেষে লাভের বদলে বাড়ছে ঋণের বোঝা। প্রতি মৌসুমে নতুন করে দাদন নিতে হয়। সেই ঋণ পরিশোধ ২ এর পাতায় দেখুন



## শাপলা চত্বর মামলা: আনুষ্ঠানিক অভিযোগ জমা কাল

**কীর্তনখোলা ডেস্ক**

রাজধানীর মতিঝিলের শাপলা চত্বরে হেফাজতে ইসলামের সমাবেশ ঘিরে হত্যাযজ্ঞের ঘটনায় করা মানবতাবিরোধী অপরাধের মামলায় আনুষ্ঠানিক অভিযোগ (ফরমাল চার্জ) কাল সোমবার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে দাখিল করা হবে। শনিবার (২৫ জুলাই) সকালে রাজধানীর সিরডাপ মিলনায়তনে আয়োজিত 'মানবাধিকার লঙ্ঘন এবং ভুক্তভোগীদের জন্য ন্যায়বিচার প্রাপ্তি' শীর্ষক আলোচনা সভায় এ কথা জানান চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম। মানবাধিকার সংস্থা অধিকারের উদ্যোগে এ আয়োজন করা হয়। চিফ প্রসিকিউটর বলেন, ২০১৩ সালের ৫ মে শাপলা চত্বরে সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় দীর্ঘদিন ধরে তদন্ত ২ এর পাতায় দেখুন

সংবাদ প্রকাশের জেরে

# যুবদল-ছাত্রদল নেতাকর্মীর বিরুদ্ধে সাংবাদিককে হাতুড়িপেটার অভিযোগ

**কুয়াকাটা প্রতিনিধি**

পটুয়াখালীর কুয়াকাটায় দৈনিক দেশ রূপান্তরের কুয়াকাটা প্রতিনিধি ও কুয়াকাটা ট্যুরিস্ট বোট মালিক সমিতির সভাপতি কে এম বাচ্চু খলিফার ওপর হামলার অভিযোগ উঠেছে ছাত্রদল ও যুবদলের কয়েকজন নেতাকর্মীর বিরুদ্ধে। এ ঘটনায় গুরুতর আহত সাংবাদিককে প্রাথমিক চিকিৎসা শেষে উন্নত চিকিৎসার জন্য বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। শুক্রবার (২৪ জুলাই) রাত ১১টার দিকে কুয়াকাটা সৈকত হোটেলের সামনে এ হামলার ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানায়, রাতের দিকে সৈকত হোটেলের সামনে দাঁড়িয়ে মোবাইল ফোনে কথা বলছিলেন সাংবাদিক কে এম বাচ্চু খলিফা। এ সময় কয়েকজন ব্যক্তি হঠাৎ তার ওপর হামলা চালায়। একপর্যায়ে হাতুড়ি দিয়ে তার মাথা ও পায়ে আঘাত করা হয়। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে কুয়াকাটা হাসপাতালে নিয়ে যায়। সেখানে প্রাথমিক চিকিৎসা দেওয়ার পর অবস্থার অবনতি হলে তাকে বরিশালে পাঠানো হয়। হামলায় জড়িত থাকার অভিযোগে যাদের নাম এসেছে তারা হলেন হারুন মুসল্লী, কুয়াকাটা পৌর যুবদলের ধর্মবিষয়ক সম্পাদক, বাইজিদ, ৮ নম্বর ওয়ার্ড ছাত্রদলের সভাপতি, শহীদ সিকদার, ৮ নম্বর ওয়ার্ড যুবদলের ২ এর পাতায় দেখুন



## নতুন পাঠ্যবইয়ে বাংলাদেশের ইতিহাস সঠিকভাবে উপস্থাপন করা হবে: শিক্ষামন্ত্রী

**কীর্তনখোলা ডেস্ক**

আনন্দময়, কারিগরি ও জীবনমুখী শিক্ষা বাস্তবায়নের অংশ হিসেবে ২০২৭ সালের জানুয়ারিতে সারাদেশে ৩১ কোটি গুণগত মানসম্পন্ন নতুন পাঠ্যবই বিতরণ করা হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী আ ন ম এহসানুল হক মিলন। একইসঙ্গে নতুন পাঠ্যবইয়ে বাংলাদেশের ইতিহাস সঠিকভাবে উপস্থাপন করা হবে এবং কোনো ধরনের ইতিহাস বিকৃতি বরদাস্ত করা হবে না বলেও জানিয়েছেন তিনি। চাঁদপুরের কচুয়া উপজেলার মনোহরপুর উচ্চ বিদ্যালয় মাঠে আয়োজিত শিক্ষক সমাবেশ ও মতবিনিময় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, আনন্দময় শিক্ষা কার্যক্রম এরই মধ্যে শুরু হয়েছে। ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত নতুন বই প্রণয়ন করা হচ্ছে। কারিগরি শিক্ষা ও জীবনমুখী শিক্ষাকে গুরুত্ব দিয়ে পাঠ্যবই প্রস্তুত করা হচ্ছে। ২০২৭ সালের জানুয়ারিতে ২ এর পাতায় দেখুন



## হাতেম আলী কলেজে উপাধ্যক্ষের যোগদানে ক্যাডারদের বাধা

**ফজলে রাব্বি, সৈয়দ হাতেম আলী কলেজ**

বরিশালের সরকারি সৈয়দ হাতেম আলী কলেজে উপাধ্যক্ষ পদে যোগদান করতে পারেননি অধ্যাপক মোসা. মেহবুবা আলম। বুধবার (২২ জুলাই) তিনি ফরিদপুর সরকারি রাজেন্দ্র কলেজ থেকে পদায়ন পেয়ে কলেজে যোগদানের উদ্দেশ্যে উপস্থিত হলেও শেষ পর্যন্ত যোগদান সম্পন্ন করতে পারেননি। অধ্যাপক মেহবুবা নন-ক্যাডার শিক্ষক হওয়ায় তাঁকে ক্যাডারভুক্ত সরকারি কলেজে উপাধ্যক্ষ হিসেবে পদায়নের বিরোধিতা করে বরিশালের বিভিন্ন সরকারি কলেজের ক্যাডার শিক্ষকরা আপত্তি জানান। এর আগে মঙ্গলবার (২১ জুলাই) শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব মুহাম্মদ হেলাল চৌধুরী স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে অধ্যাপক ২ এর পাতায় দেখুন

## বরগুনায় ৩ হাজার ইয়াবাসহ ব্যবসায়ী গ্রেফতার

**বরগুনা প্রতিনিধি**

বরগুনায় এক বিশেষ অভিযানে ৩৫০০ পিস ইয়াবাসহ মো. সাখাওয়াত হোসেন নামে এক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে জেলা গোয়েন্দা পুলিশ। শনিবার (২৫ জুলাই) দুপুরে বরগুনা পুলিশ সুপার কুদরত ই খুদা এক প্রেস ব্রিফিংয়ে এই বিষয়টি নিশ্চিত করেন। প্রেস ব্রিফিংয়ে তিনি বলেন, ''গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারেন- চট্টগ্রাম হতে বরগুনাগামী একটি যাত্রীবাহী বাসে বিপুল পরিমাণ ইয়াবা রয়েছে। সংবাদের ভিত্তিতে তারা শুক্রবার (২৪ জুলাই) সকালে আগে থেকেই বাসস্ট্যান্ড এলাকায় গোয়েন্দা নজরদারি রাখে। চট্টগ্রাম থেকে ছেড়ে আসা বাসটি বরগুনা বাসস্ট্যান্ডে এসে পৌঁছালে, বাসে অবস্থানরত মাদক ব্যবসায়ী পুলিশের উপস্থিতি টের পেয়ে দ্রুত ২ এর পাতায় দেখুন

# 'গুপ্ত ও হাইব্রিড' অভিযোগে কমিটি বাতিলের দাবিতে বিক্ষোভ

**কীর্তনখোলা রিপোর্ট**

বরিশাল সদর উপজেলা বিএনপির পূর্ণাঙ্গ আহ্বায়ক কমিটি বাতিলের দাবিতে দলের একাংশের নেতা-কর্মীরা বিক্ষোভ সমাবেশ, মানববন্ধন ও কালো পতাকা প্রদর্শন করেছেন। তাঁদের অভিযোগ, ঘোষিত কমিটিতে 'গুপ্ত', 'হাইব্রিড' এবং জামায়াতের সাবেক নেতাদের অন্তর্ভুক্ত করা হয়েছে। শনিবার (২৫ জুলাই) সকালে নগরের অশ্বিনীকুমার হলের সামনের সড়কে ঘণ্টাব্যাপী এ কর্মসূচি পালন করা হয়। পরে একটি বিক্ষোভ মিছিল নগরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। সমাবেশে বক্তারা অভিযোগ করেন, কেন্দ্রীয় নেতৃত্বকে ভুল বুঝিয়ে জেলা কমিটির অনুমোদন ছাড়াই একসময় জামায়াতের রাজনীতির সঙ্গে সম্পৃক্ত থাকা নুরুল আমিনকে আহ্বায়ক করা হয়েছে। তাঁরা আরও অভিযোগ করেন, কমিটিতে বিতর্কিত ব্যক্তি, আওয়ামী লীগের সাবেক নেতা এবং এমনকি মৃত ব্যক্তির নামও অন্তর্ভুক্ত রয়েছে। বক্তারা দাবি করেন, জামায়াতে ইসলামীতে থাকাকালে নুরুল আমিন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের বিরুদ্ধে বক্তব্য দিয়েছিলেন। এ কারণে অবিলম্বে বর্তমান আহ্বায়ক কমিটি বাতিলের দাবি জানান তাঁরা। অন্যথায় ২ এর পাতায় দেখুন





শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা



উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

| | | | |
|---|---|---|---|
| বুক ভিলা<br>সদর রোড, বরিশাল<br>01932-314219 | ইসলামিয়া লাইব্রেরি<br>প্যারারোড, সদর রোড, বরিশাল<br>01711-264963 | অংকুর লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01708-868515 | অংকুর লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01708-868514 |
| খন্দকার লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01711-047767 | নিউ মাহবুব লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01763-107720 | রহমান বুক হাউজ<br>প্যারারোড, সদর রোড, বরিশাল<br>01718-670945 | মজুমদার লাইব্রেরি<br>অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল<br>01716-139268 |
| অমৃত লাইব্রেরি<br>অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল<br>01719-408049 | নিউ কলেজ লাইব্রেরি<br>বি.এম কলেজের সামনে<br>01726-074663 | হক লাইব্রেরি<br>বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে<br>01724-851658 | আশরাফিয়া লাইব্রেরি<br>বি.এম কলেজ মসজিদ গেট<br>01717-488083 |




## আগৈলঝাড়ায় নারী ইউপি সদস্যের আত্মহত্যা

**আগৈলঝাড়া প্রতিনিধি**

বরিশালের আগৈলঝাড়ায় নিষিদ্ধ ঘোষিত সংগঠন আওয়ামী লীগের নেত্রী ও ইউপি সদস্য শিলা আক্তার (৩৫) গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করেছেন। শুক্রবার (২৪ জুলাই)

## শাক-সবজির পর চোখ রাঙাচ্ছে পেঁয়াজ, কেজিপ্রতি বেড়েছে ২০ টাকা

**কীর্তনখোলা ডেস্ক**

দেশজুড়ে টানা বৃষ্টি-বন্যায় সব ধরনের শাক-সবজির দাম বৃদ্ধির মধ্যে এবার পেঁয়াজের দামও বেড়েছে। কদিন আগেও বাজারে প্রতিকেজি পেঁয়াজ ৩৫-৪০ টাকায় বিক্রি হলেও তা একলাফে ১৫-২০ টাকা পর্যন্ত বেড়েছে। শনিবার (২৫ জুলাই) কাঁচাবাজার ঘুরে পেঁয়াজের এই ঊর্ধ্বমুখী চিত্র দেখা যায়। বাজারে ঘুরে দেখা যায়, খুচরায় প্রতি কেজি ভালো মানের বাছাই করা পেঁয়াজ বিক্রি হচ্ছে ৬০ টাকায়, যা ৩/৪ দিন আগেও ছিল ৪০ টাকা। একটু মাঝারি মানের বা তুলনায় ছোট আকারের পেঁয়াজের জন্য গুনতে হচ্ছে ২ এর পাতায় দেখুন

## 'জুলাই ছিলো আগুনমাখা, জুলাই ছিলো রক্ত'

**মৌমিতা বিনতে মিজান**

জুলাই কর্নার

২৬ জুলাই ২০২৪। সারাদেশে সহিংসতা ও আন্দোলনের মধ্যেই বিকেলে রাজধানীর গণস্বাস্থ্য নগর হাসপাতাল থেকে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মূল তিন সমন্বয়ক নাহিদ ইসলাম, আসিফ মাহমুদ ও আবু বাকের মজুমদারকে সাদা পোশাকে তুলে নিয়ে যায় তৎকালীন আইনশৃঙ্খলা বাহিনী। গভীর রাতে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি) স্বীকার করে যে, "নিরাপত্তার স্বার্থে ও জিজ্ঞাসাবাদের জন্য" তাদের মিন্টো রোডে নেয়া হয়েছে। ওই দিন পর্যন্ত সারাদেশে প্রায় ৫৫৫টি মামলা দায়ের করা হয় এবং ২ এর পাতায় দেখুন



## বিকাশে কোটি টাকার সন্দেহজনক

করেছেন।মামলার এজাহার সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার রাতে গোপন সংবাদের ভিত্তিতে মঠবাড়িয়া পৌর শহরের মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বিপরীত পাশে অঙ্গন শপিং সেন্টারের দ্বিতীয় তলায় অবস্থিত একটি বিকাশ অফিসে অভিযান চালায় পুলিশ। সেখানে বিভিন্ন অ্যাপ ব্যবহার করে অনলাইন জুয়ার কার্যক্রম পরিচালনার অভিযোগে সমির চন্দ্র খরাতীকে আটক করা হয়। অভিযানের সময় তার কাছ থেকে ১৭টি সিম কার্ড, দুটি ল্যাপটপ এবং কয়েকটি মোবাইল ফোন জব্দ করা হয়।পরে সমিরের দেওয়া তথ্যের ভিত্তিতে পুলিশ বরিশালের গৌরনদী উপজেলার বাটাজোর হরহর গ্রামে অভিযান চালিয়ে ভোররাতে বিকাশ ম্যানেজার প্রদীপ হালদারকে গ্রেফতার করে। পুলিশ জানিয়েছে, জব্দ করা আলামত ও আর্থিক লেনদেনের তথ্য বিশ্লেষণ করে ঘটনার সঙ্গে অন্য কেউ জড়িত আছে কি না, তা তদন্ত করে দেখা হচ্ছে। অভিযুক্তদের বিরুদ্ধে আইনগত কার্যক্রম চলমান রয়েছে।

## নলছিটিতে মাদকসহ

বিরুদ্ধে পুলিশের 'জিরো টলারেন্স' নীতির কারণে কোনো সুপারিশ মেনে নেওয়া হয়নি। একই রাতে ঝালকাঠি-বরিশাল আঞ্চলিক মহাসড়কের কালিজিরা এলাকায় অস্থায়ী তল্লাশিচৌকি বসায় পুলিশ। এ সময় ২০ পিস ইয়াবাসহ হাসিবুর রহমান (৩৫) নামে এক ব্যক্তিকে গ্রেফতার করে নলছিটি থানা-পুলিশ। হাসিবুর বরিশালের জাগুয়া এলাকার আব্দুল লতিফ হাওলাদারের ছেলে। নলছিটি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. তৌহিদুজ্জামান জানান, গ্রেফতারকৃত দুজনের বিরুদ্ধেই আলাদা দুটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে। শনিবার (২৫ জুলাই) দুপুরে তাদের আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়েছে। এ বিষয়ে ঝালকাঠি জেলা ছাত্রদলের আহ্বায়ক সৈয়দ আলী হাসান বলেন, মাদকের বিষয়ে আমাদের অবস্থান স্পষ্ট। তদন্তে ছাত্রদলের কোনো নেতাকর্মীর বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হলে সংগঠনের গঠনতন্ত্র অনুযায়ী কঠোর সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে।

## গণমাধ্যম কর্মীদের সাথে প্রতিমন্ত্রী

আহবায়ক গিয়াস উদ্দিন দীপেন, সদস্য সচিব সিহাব আহাম্মেদ সেলিম, সিনিয়র যুগ্ন-আহবায়ক আসাদুজ্জামান মুক্তা, পৌর বিএনপির আহবায়ক সৈয়দ রিয়াজ শাহীন লিটন, পৌর বিএনপির সাবেক সভাপতি জিয়াউদ্দিন সুজন, উত্তর জেলা যুবদলের আহবায়ক সালাউদ্দিন পিপলুসহ অন্যান্য নেতৃবৃন্দ।

## ৬ শিক্ষার্থীর জন্য ৪ জন শিক্ষক

ক্যাচমেন্ট এলাকা ছোট হওয়ায় শিক্ষার্থীর সংখ্যা বরাবরই কম। এছাড়া এক কিলোমিটারের মধ্যে আরও চারটি সরকারি প্রাথমিক বিদ্যালয় থাকায় অধিকাংশ অভিভাবক তাদের সন্তানদের সেসব বিদ্যালয়ে ভর্তি করাচ্ছেন। স্থানীয় অভিভাবক মিজানুর রহমান বলেন, ''এক সময় বিদ্যালয়টিতে অনেক শিক্ষার্থী ছিল। তবে বর্তমানে লেখাপড়ার মান আগের মতো না থাকায় অনেকেই সন্তানদের অন্য বিদ্যালয়ে ভর্তি করছেন।'' মানসম্মত শিক্ষা নিশ্চিত করা গেলে শিক্ষার্থীর সংখ্যা আবারও বাড়তে পারে বলে তারা মনে করেন। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দীপঙ্কর শিকদার বলেন, ''শিক্ষার্থী কম হলেও আমরা নিয়মিত পাঠদান চালিয়ে যাচ্ছি। প্রত্যেক শিক্ষার্থীর প্রতি আলাদা নজর দেওয়া সম্ভব হচ্ছে। নতুন শিক্ষার্থী ভর্তির জন্য অভিভাবকদের উদ্বুদ্ধ করা হচ্ছে। দীর্ঘদিন ধরে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। পদটি পূরণ হলে প্রশাসনিক কার্যক্রম আরও গতিশীল হবে।'' সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. রফিকুল ইসলাম বলেন, ''বিদ্যালয়টির এক কিলোমিটারের মধ্যে চারটি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এছাড়া ২০০৯ সাল থেকে প্রধান শিক্ষক না থাকা, প্রত্যন্ত এলাকার অনুন্নত যোগাযোগ ব্যবস্থা এবং বিভিন্ন সময় শিক্ষক সংকটের কারণে শিক্ষার্থীর সংখ্যা কমে গেছে। ২০২৩ সাল থেকেই বিদ্যালয়টি পার্শ্ববর্তী অন্য একটি বিদ্যালয়ের সঙ্গে একীভূত করার জন্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে। এ বিষয়ে জেলা প্রশাসকের কাছেও প্রতিবেদন পাঠানো হবে।''

## সৌদির 'কিং খালিদ' বিমানঘাঁটি

সশস্ত্র গোষ্ঠী আনসার আল্লাহ (হুথি)। ইয়েমেনের বিরুদ্ধে সৌদি আরবের সাম্প্রতিক সামরিক হামলা এবং চলমান অবরোধের প্রতিশোধ হিসেবে এই হামলা চালানো হয়েছে বলে দাবি করা হয়েছে। স্থানীয় গণমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে, শনিবার (২৫ জুলাই) ভোরে ইয়েমেনে তৈরি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রগুলো সৌদি আরবের খামিস মুশাইত শহরের কাছে অবস্থিত কিং খালিদ বিমানঘাঁটির নির্ধারিত লক্ষ্যবস্তুতে আঘাত হানে। রাজধানী রিয়াদ থেকে শহরটির দূরত্ব প্রায় ৮৮৪ কিলোমিটার। প্রতিবেদনে বলা হয়েছে, এই হামলা ইয়েমেনের বিরুদ্ধে রিয়াদের চলমান সামরিক অভিযান এবং কঠোর অবরোধের জবাব। এর কিছুক্ষণ আগে ইয়েমেনের সশস্ত্র বাহিনী সৌদি রাষ্ট্রায়ত্ত তেল ও গ্যাস কোম্পানি সৌদি আরামকোর জিজান অঞ্চলের একটি তেল স্থাপনায় একাধিক ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র দিয়ে হামলা চালানোর দাবি করে। স্থানীয় সংবাদমাধ্যমের তথ্য অনুযায়ী, ক্ষেপণাস্ত্র হামলার পর জিজানের কয়েকটি এলাকায় বিদ্যুৎ সরবরাহ বিঘ্নিত হয়। পাশাপাশি সৌদি আরবের বন্দরনগরী ইয়ানবুতেও শক্তিশালী বিস্ফোরণের শব্দ শোনা গেছে। প্রেস টিভির প্রতিবেদনে বলা হয়েছে, শনিবার (২৫ জুলাই) ভোরে জিজান অঞ্চলে হামলা চালানো হয়। এই হামলার আগে সৌদি আরবের সামরিক বাহিনী পশ্চিম ইয়েমেনের আল-হুদাইদার একটি স্থাপনায় এবং কামরান দ্বীপে একাধিক হামলা চালায়। আনসার আল্লাহ সংগঠনের দাবি, তাদের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা সৌদি যুদ্ধবিমানগুলোকে ইয়েমেনের আকাশসীমা ছেড়ে যেতে বাধ্য করে। এই হামলার প্রতিক্রিয়ায় ইয়েমেনের পররাষ্ট্র মন্ত্রণালয় সতর্ক করে জানায়, সৌদি আরবকে এই আগ্রাসনের পরিণতির দায় বহন করতে হবে। সৌদি শাসকগোষ্ঠী তাদের এই অপরাধমূলক পদক্ষেপের ফলে পরবর্তী যে কোনো ঘটনার সম্পূর্ণ দায় বহন করবে। বিবৃতিতে আরও বলা হয়, ইয়েমেনের ওপর দীর্ঘদিনের অবরোধ প্রত্যাহারের মতো ন্যায্য দাবির তোয়াক্কা না করেই সৌদি আরব সামরিক আগ্রাসনের পথ বেছে নিয়েছে। ইয়েমেনের ওপর অবরোধ তুলে নেওয়ার ন্যায্য ও বৈধ দাবি মেনে নেওয়ার পরিবর্তে সৌদি শাসকগোষ্ঠী এমন একটি বড় ভুল করেছে, যার জন্য তাদের চড়া মূল্য দিতে হবে। ইয়েমেনের পররাষ্ট্র মন্ত্রণালয় আরও দাবি করে, আল-হুদাইদায় হামলার মাধ্যমে সংঘাতের ধরন বদলে গেছে এবং এখন থেকে পরবর্তী পর্যায়ের মূল নীতি হবে উত্তেজনার জবাবে আরও উত্তেজনা। এদিকে, ইয়েমেনের জনপ্রিয় প্রতিরোধ আন্দোলন আনসার আল্লাহর রাজনৈতিক ব্যুরোর জ্যেষ্ঠ সদস্য হাজেম আল-আসাদও পাল্টা জবাবের হুঁশিয়ারি দেন। হাজেম আল-আসাদ বলেন, বন্দরের জবাবে বন্দর, বিমানবন্দরের জবাবে বিমানবন্দর-আর প্রতিটি উত্তেজনার জবাব হবে তার চেয়েও বড় উত্তেজনার মাধ্যমে। এর আগে বৃহস্পতিবার (২৩ জুলাই) ইয়েমেনের সশস্ত্র গোষ্ঠী জানায় জানায়, লোহিত সাগরে সৌদি আরবের দুটি তেলবাহী ট্যাংকারকে লক্ষ্য করে অভিযান চালানোর পর তারা সৌদি লক্ষ্যবস্তুর বিরুদ্ধে প্রতিশোধমূলক নৌ-অভিযান অব্যাহত রাখবে এবং সানার ওপর ঘোষিত অবরোধের জবাবে অবরোধ নীতি বজায় রাখবে। চলতি মাসের শুরুতে ইয়েমেন সৌদি আরবের বিরুদ্ধে তাৎক্ষণিকভাবে সামুদ্রিক অবরোধ কার্যকর করার ঘোষণা দেয়। সে সময় ইয়েমেনের সামরিক মুখপাত্র ব্রিগেডিয়ার জেনারেল ইয়াহিয়া সারি সতর্ক করে বলেছিলেন, সৌদি আরবের যে কোনো সামরিক উত্তেজনার জবাবে ব্যাপক ও কঠোর প্রতিক্রিয়া জানানো হবে।

## আলোশিখা রাজিহার সমাজ

রাজিহার সমাজ উন্নয়ন কেন্দ্রের নির্বাহী পরিচালক জেমস মৃদুল হালদার, সাংবাদিক এস,এম ওমর আলী সানি, ভোকেশনাল প্রশিক্ষণ কেন্দ্রের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক, শিক্ষকবৃন্দ, কিন্ডারগার্ডেন স্কুলের শিক্ষার্থীবৃন্দ, হাসপাতাল কর্মচারী, ও ডাক্তারগন, আলোশিখার সকল কর্মচারী ও এলাকার গণ্যমান্য ব্যক্তিগর্ব। এ সময় জেমস মৃদুল হালদার বলেন, বিচক্ষণ বিচারিক ন্যায়বিচারের নীতি অনুসারে, আসামীর বার্ধক্য এবং গুরুতর স্বাস্থ্যগত অবস্থা বিবেচনা করে মানবিক পদক্ষেপগুলো অবিলম্বে পর্যালোচনা করুন। অ-হেফাজত তদন্তের নীতি সমুন্নত রাখুন এবং সুষ্ঠু বিচারের সাংবিধানিক অধিকার নিশ্চিত করুন। বিচারিক প্রক্রিয়ায় আইনের শাসনের ভিত্তির মানব মর্যাদার প্রতি বিবেচনায় প্রতিফলিত করুন।

## কাদামাখা পথে দুই হাজার মানুষের

এই সড়কটি এলাকার প্রায় দুই হাজার মানুষের একমাত্র যাতায়াত পথ। স্থানীয়দের সঙ্গে কথা বলে জানা যায়, প্রতিদিন এই সড়ক দিয়ে দুইটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের পাশাপাশি মাধ্যমিক ও কলেজ পর্যায়ের শিক্ষার্থীরাও যাতায়াত করে। বর্ষা মৌসুমে সড়কজুড়ে কাদা ও জলাবদ্ধতার সৃষ্টি হওয়ায় স্কুলগামী শিশুদের চরম ভোগান্তির মুখে পড়তে হয়। এছাড়া অসুস্থ রোগীকে দ্রুত হাসপাতালে নেওয়াও অনেক সময় সম্ভব হয়ে ওঠে না। শিক্ষার্থী আলিফ ও আরিচাসহ কয়েকজন জানান, বৃষ্টি হলেই রাস্তাটি কাদায় একাকার হয়ে যায়। অনেক সময় পিছলে পড়ে যেতে হয়। স্কুলে যাওয়া-আসা করতে তাদের চরম কষ্ট হয়। দ্রুত রাস্তাটি সংস্কার করার দাবি জানায় তারা। স্থানীয় বাসিন্দারা বলেন, দীর্ঘদিন ধরে রাস্তাটি পাকা করার দাবি জানিয়ে আসলেও এখনো কোনো কার্যকর উদ্যোগ দেখা যায়নি। ফলে প্রতিনিয়ত দুর্ভোগ নিয়েই চলাচল করতে হচ্ছে। চাওড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. আখতারুজ্জামান বাদল খান বলেন, সড়কটি এলাকার মানুষের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিষয়টি আমরা গুরুত্বের সঙ্গে দেখছি। ইতোমধ্যে সংশ্লিষ্ট দফতরে উন্নয়ন প্রস্তাব পাঠানো হয়েছে। প্রয়োজনীয় বরাদ্দ পাওয়া গেলে দ্রুত সড়কটির উন্নয়ন কাজ বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হবে। রাস্তাটি উন্নয়ন হলে কয়েকটি গ্রামের মানুষের দীর্ঘদিনের ভোগান্তির অবসান ঘটবে। আমতলী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মুহাম্মাদ জাফর আরিফ চৌধুরী বলেন, গ্রামীণ জনগণের চলাচল সহজ করা এবং শিক্ষার্থীদের নিরাপদ যাতায়াত নিশ্চিত করা আমাদের অগ্রাধিকার। চাওড়া এলাকার সড়কটির বিষয়টি আমরা জেনেছি। সংশ্লিষ্ট দফতরের সঙ্গে সমন্বয় করে উন্নয়নের সম্ভাব্য ব্যবস্থা গ্রহণ করা হবে। পর্যায়ক্রমে উপজেলার গুরুত্বপূর্ণ কাঁচা সড়কগুলো উন্নয়নের আওতায় আনার চেষ্টা চলছে।

## পাথরঘাটায় বিদ্যুতায়িত

ভবনে যান। কাজ করার একপর্যায়ে তিনি বিদ্যুতায়িত হন। ঘটনাস্থলে থাকা অন্য শ্রমিকেরা তাৎক্ষণিক তাঁকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলেও চিকিৎসক জানান, হাসপাতালে পৌঁছানোর আগেই তাঁর মৃত্যু হয়েছে। পাথরঘাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মো. সাইদুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, বিদ্যুতায়িত অবস্থায় একজনকে হাসপাতালে আনা হয়েছিল। হাসপাতালে আনার আগেই তাঁর মৃত্যু হয়েছে। পাথরঘাটা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আব্দুল আলিম জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায়। সুরতহাল প্রতিবেদন প্রস্তুত শেষে মরদেহ ময়নাতদন্তের জন্য বরগুনা জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হবে।

## ভাড়া বাসা থেকে সিরীয় বংশোদ্ভূত

নিশ্চিত করে। বাড়ির মালিক কে এম শাহাদাত খান বলেন, মাজেদ আল খতিব দীর্ঘদিন ধরে তাঁদের বাসায় ভাড়া থাকতেন। তিনি শান্ত ও ভদ্র স্বভাবের মানুষ ছিলেন। মাঝেমধ্যে তাঁর পরিবারের সদস্যরাও আসতেন। শুক্রবার দরজা বন্ধ থাকায় সন্দেহ হলে পুলিশকে খবর দেওয়া হয়। পটুয়াখালী সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মনিরুজ্জামান বলেন, 'মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। তাঁর ছেলে পটুয়াখালীতে এসেছেন। মৃত্যুর প্রকৃত কারণ জানতে তদন্ত চলছে। তদন্ত শেষে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।'

## ভাঙনে বিলীন সড়ক, দুর্ভোগে

প্রায় দুই কিলোমিটার সড়কের বিভিন্ন স্থানে বড় ধরনের ধস নেমেছে। দীর্ঘদিনের খালভাঙনে সড়কের উল্লেখযোগ্য অংশ আগেই বিলীন হয়ে যায়। সাম্প্রতিক টানা বৃষ্টিতে অবশিষ্ট অংশেও গভীর গর্তের সৃষ্টি হয়েছে, যা এখন মৃত্যুফাঁদে পরিণত হয়েছে। বর্তমানে সড়কটিতে যানবাহন চলাচল সম্পূর্ণ বন্ধ রয়েছে। স্থানীয়রা ভাঙা অংশে অস্থায়ীভাবে কাঠের তক্তা ও ছোট সাঁকো বসিয়ে কোনোমতে মোটরসাইকেল চলাচলের ব্যবস্থা করেছেন। স্থানীয়দের দাবি, এ সড়ক দিয়ে য়েকটি সরকারি প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার শত শত শিক্ষার্থী প্রতিদিন যাতায়াত করে। পাশাপাশি পাশের নাজিরপুর উপজেলার অন্তত তিনটি গ্রামের মানুষও উপজেলা সদর ও ইন্দেরহাট-মিয়ারহাট বাজারে যেতে এই সড়কের ওপর নির্ভরশীল। সড়কের বেহাল অবস্থার কারণে শিক্ষার্থীদের চলাচল করা কষ্ট হচ্ছে। জরুরি প্রয়োজনে রোগী পরিবহনেও দেখা দিয়েছে চরম সংকট। এলাকাবাসীর অভিযোগ, দীর্ঘদিন ধরে ভাঙন চললেও এলজিইডির পক্ষ থেকে স্থায়ী সংস্কারের কোনো কার্যকর উদ্যোগ নেওয়া হয়নি। ফলে প্রতি বর্ষায় দুর্ভোগ বাড়ছেই। দ্রুত ব্যবস্থা না নিলে সড়কটির অবশিষ্ট অংশও খালের গর্ভে বিলীন হওয়ার আশঙ্কা রয়েছে। বলদিয়া স্বেচ্ছাসেবী সংগঠনের সাধারণ সম্পাদক ও স্থানীয় বাসিন্দা মো. সাইফুল ইসলাম বলেন, 'এই সড়ক দিয়ে বলদিয়া ইউনিয়নের সাতটি গ্রাম এবং পাশের নাজিরপুর উপজেলার তিনটি গ্রামের মানুষ প্রতিদিন চলাচল করেন। উপজেলা সদরে বিভিন্ন প্রয়োজনীয় কাজ ও ইন্দেরহাট-মিয়ারহাট বাজারে যেতে এ সড়কই একমাত্র ভরসা। কিন্তু সড়কটি ধসে পড়ায় অটোরিকশা ও ভ্যান চলাচল বন্ধ রয়েছে। মানুষ হেঁটে চলাচল করতে বাধ্য হচ্ছে। সবচেয়ে বেশি দুর্ভোগে পড়েছেন অসুস্থ মানুষ, বৃদ্ধ ও শিক্ষার্থীরা। দ্রুত সড়কটি সংস্কার না করলে এ দুর্ভোগ আরও বাড়বে।' বলদিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. সাইদুর রহমান বলেন, 'সড়কটি আগে থেকেই ঝুঁকিপূর্ণ ছিল। বর্তমানে রাজাবাড়ি থেকে বিন্না পর্যন্ত অংশের অবস্থা অত্যন্ত বেহাল। বর্ষায় সড়কের বিভিন্ন অংশ খালের গর্ভে বিলীন হয়ে গেছে। অটোরিকশা চলাচল সম্পূর্ণ বন্ধ রয়েছে। একবার সংস্কারের জন্য টেন্ডার হলেও তা বাস্তবায়িত হয়নি। দ্রুত সড়কটি সংস্কার করা জরুরি।' ভুক্তভোগী এলাকাবাসী সড়কটির জরুরি সংস্কার এবং স্থায়ীভাবে খালভাঙন প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দ্রুত হস্তক্ষেপ কামনা করেছেন।

## বাবুগঞ্জে মাদকবিরোধী অভিযানে

(ওসি) মো. মিজানুর রহমান হাওলাদার বলেন, মাদকের বিরুদ্ধে বাবুগঞ্জ থানা পুলিশের অভিযান চলমান রয়েছে। মাদক ব্যবসায়ী ও কারবারিদের বিরুদ্ধে আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। সমাজ থেকে মাদকের বিস্তার রোধে এ ধরনের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

## এমন নির্মম হত্যাকাণ্ড

সঙ্গে। এরপর একে একে পরিবারের সব সদস্যকে বেধড়ক পিটিয়ে এবং কাদাপানিতে চুবিয়ে অজ্ঞান করে ফেলে রাখা হয় খোলা মাঠে। পরে দ্বিতীয় দফায় মাটির মধ্যে মাথা গেড়ে দিয়ে নিষ্ঠুরতম নির্যাতন করা হয় বৃদ্ধ হারিচ আহমেদকে (৬৫)। এর কয়েক ঘণ্টা পরেই মৃত্যুর কোলে ঢলে পড়েন তিনি। সোমবার (১৯ জুলাই) উপজেলার ধুলাসার ইউপির নয়াকাটা গ্রামে খাস সম্পত্তির ছোট একটি ডোবার বিরোধ নিয়ে নির্মম এই হত্যাকাণ্ডের ঘটনা ঘটে। নিহত হারিচ আহম্মেদ ওই গ্রামের মৃত মজিবুর মিয়ার ছেলে। এ ঘটনায় ১৮ জনের নাম উল্লেখ করে (২১ জুলাই) মহিপুর থানায় একটি হত্যা মামলা করা হয়েছে। নিহতের ছেলে সাইফুল ইসলাম জানান, তাদের বাড়ির সামনেই খাসজমিতে একটি ডোবা নিয়ে দীর্ঘদিন ধরে প্রতিবেশী খলিল মিয়ার সঙ্গে বিরোধ চলছিল। ঘটনার দিন সকাল ১০টার দিকে খলিলের নেতৃত্বে ২০/২৫ জনের একটি দল জমি দখল করতে আসে। এ সময় তিনি বাড়িতে না থাকায় তার বাবা হারেচ তাদের বাধা দেন। পরে খলিল, সলেমান, রবিউল, মিজানুরসহ আরও অনেকে তার বাবাকে ধরে হাঁটু সমান কাদার মধ্যে গেড়ে নির্যাতন চালায় এবং পিটিয়ে হাত-পায়ে জখম করে। এ সময় তাকে বাঁচাতে ঘরের গৃহবধূ ও নাতনিরা এগিয়ে গেলে তাদের পিটিয়ে বৈদ্যুতিক খুঁটির সঙ্গে বেঁধে রাখে। পরে তার বৃদ্ধ বাবাকে পানিতে চুবিয়ে মৃত ভেবে মাঠে ফেলে রাখে। কিন্তু তাকেসহ আহতদের স্থানীয়রা উদ্ধার করে ঘরে নিয়ে গেলে রক্তাক্ত অবস্থায় বাড়ি থেকে বের হতে দেয়নি খুনিরা। কান্নাজড়িত কণ্ঠে তিনি বলেন, প্রায় দুই ঘণ্টা বাড়িতেই আহত নারী-পুরুষদের অবরুদ্ধ করে রাখে তারা। পরে স্থানীয়রা ফাঁক ফোকর দিয়ে গুরুতর আহত তার বাবা ও চার নারীকে কলাপাড়া হাসপাতালে নিয়ে গেলে সেখানেও চিকিৎসা নিতে দেয়নি খুনিরা। পরে আমতলী হাসপাতালে নিয়ে গেলে সেখান থেকে বরিশাল নেওয়ার আগেই বাবার মৃত্যু হয়। হামলায় গুরুতর আহত সুবর্ণা জানান, তার দাদুর মাথা মাটির মধ্যে ঢুকিয়ে দিয়ে যখন মারছিল তখন তারা তাকে বাঁচানোর চেষ্টা করে। কিন্তু তাদের পিটিয়ে বেঁধে রেখে দাদুকে মেরেছে। স্থানীয় বাসিন্দা মনির হোসেন বলেন, এমন ঘটনা এর আগে এই এলাকার মানুষ দেখেনি। তিনি বলেন, ইউপি সদস্য জসিম খন্দকারের নির্দেশে এই হত্যাকাণ্ড ঘটেছে। তার হুকুমেই এই হত্যা। এতে এলাকার প্রতিটি মানুষই আতংকিত। মহিপুর থানার ওসি মো. শামিম বলেন, এ ঘটনায় ২১ জুলাই একটি হত্যা মামলা করা হয়েছে। তবে এখনো পর্যন্ত কাউকে আটক করা সম্ভব হয়নি। আমরা আসামিদের ধরতে অভিযান অব্যাহত রেখেছি।

## ভাণ্ডারিয়ার ইকড়ি ইউপি সচিবের

জরুরি সরকারি সেবা প্রদেয় ফি-র বাইরে অতিরিক্ত অর্থ ছাড়া মিলছে না বলে ভুক্তভোগীরা জানান। ?সুলতান নামের এক ভুক্তভোগী অভিযোগ করে বলেন, "প্রায় দুই মাস আগে ওয়ারিশ সনদের জন্য আবেদন করতে এলে সচিব আল-মাসুম খান কাজ করে দেওয়ার কথা বলে দুই দফায় মোট ৭ হাজার টাকা নেন। কিন্তু টাকা দেওয়ার পরও আমি কাঙ্ক্ষিত সনদ পাইনি।" এ বিষয়ে গত ২২ জুলাই (বুধবার) তিনি ইউনিয়ন পরিষদের দায়িত্বরত প্রশাসক ও ভাণ্ডারিয়া উপজেলা সহকারী কমিশনার (ভূমি) বরাবর লিখিত অভিযোগ দায়ের করেছেন বলে জানান। এলাকাবাসীর আরও দাবি, ভিজিএফ চাল বরাদ্দ এবং জন্মনিবন্ধনসহ বিভিন্ন দাপ্তরিক নথিতে স্বাক্ষরের বিনিময়ে অর্থ দাবি করা হয়। টাকা না দিলে কাজ ঝুলিয়ে রাখা ও গ্রাহকদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণের অভিযোগ রয়েছে তাঁর বিরুদ্ধে। এদিকে, গত বুধবার পরিষদের গ্রাম পুলিশের মাধ্যমে মৎস্যজীবীদের কাছ থেকে জনপ্রতি ১০০ টাকা করে আদায় করার একটি নতুন অভিযোগ উঠেছে। এ বিষয়ে দায়িত্বরত দফাদার দুলাল হাওলাদার ও গ্রাম পুলিশ কামরুল ইসলাম জানান, ইউপি সচিব ও কয়েকজন সদস্যের নির্দেশেই তাঁরা মৎস্যজীবীদের কাছ থেকে এই টাকা সংগ্রহ করে জমা দিতে বাধ্য হয়েছেন। শুধু অর্থ আত্মসাৎই নয়, সরেজমিনে ইউনিয়ন পরিষদের গোডাউনে গিয়ে কয়েক মাস আগের সরকারি বিজিএফের চালের বস্তা পড়ে থাকতে দেখা যায়। স্থানীয়দের দাবি, পাঁচজন নিবন্ধিত উপকারভোগীর প্রাপ্য চাল বুঝিয়ে না দিয়ে তা অবৈধভাবে গোডাউনে আটকে রাখা হয়েছে। এসব ঘটনায় চরম ক্ষোভ প্রকাশ করে দ্রুত তদন্তের মাধ্যমে অভিযুক্ত সচিবের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক আইনি ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন ক্ষুব্ধ এলাকাবাসী। এ বিষয়ে তাঁরা বরিশাল বিভাগীয় কমিশনার, পিরোজপুর জেলা প্রশাসক এবং ভাণ্ডারিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) জরুরি হস্তক্ষেপ কামনা করেন। অভিযোগের বিষয়ে অভিযুক্ত ৪নং ইকড়ি ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা (সচিব) আল-মাসুম খানের সাথে কথা বলতে চাইলে তিনি কোনো মন্তব্য করতে রাজি হননি। এ বিষয়ে ৪নং ইকড়ি ইউনিয়ন পরিষদের দায়িত্বরত প্রশাসক ও ভাণ্ডারিয়া উপজেলা সহকারী কমিশনার (ভূমি) উজ্জ্বল হালদার জানান, "আমরা একটি লিখিত অভিযোগ পেয়েছি। আগামী বুধবার অভিযোগের শুনানির দিন ধার্য করা হয়েছে। শুনানি ও নিরপেক্ষ তদন্ত শেষে অভিযোগের সত্যতা পাওয়া গেলে প্রয়োজনীয় আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

## লালমোহনে বাসের ধাক্কায়

পেরে বাসের চালক দ্রুত বাস নিয়ে পালিয়ে যান। খবর পেয়ে ওই শিশুর স্বজনসহ স্থানীয়রা ঘটনাস্থলে ছুটে আসেন। তারা সড়কের ওপর গাছ ফেলে সকল ধরনের যানবাহন চলাচল বন্ধ করে দেন। এই বিষয়ে লালমোহন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. অলিউল ইসলাম বলেন, খবর পাওয়ার সঙ্গে সঙ্গে পুলিশ ঘটনাস্থলে একটি টিম পাঠিয়েছে। এ ঘটনায় আইনি ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

## পাঁচ দিন ধরে দেশজুড়ে

দেওয়া পূর্বাভাসে এ তথ্য জানানো হয়। আবহাওয়া অধিদপ্তর জানায়, আগামী ২৪ ঘণ্টার মধ্যে খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, রংপুর, ময়মনসিংহ ও ঢাকা বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে সারাদেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী বর্ষণ হতে পারে। একই সঙ্গে সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে। আজ রোববার (২৬ জুলাই) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, রংপুর, ময়মনসিংহ ও ঢাকা বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে সারাদেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে। একই সঙ্গে সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। আগামী সোমবার (২৭ জুলাই) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় বরিশাল, চট্টগ্রাম ও সিলেট



বাল্যবিবাহ প্রতিরোধে শিক্ষার্থীদের সচেতন করে তুলতে দিনব্যাপী একটি সচেতনতামূলক ক্যাম্পেইন-**কীর্তনখোলা**

বিভাগের অধিকাংশ জায়গায় এবং রাজশাহী, রংপুর, ঢাকা, ময়মনসিংহ ও খুলনা বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে সারাদেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে। একই সঙ্গে সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। আগামী মঙ্গলবার (২৮ জুলাই) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে। একই সঙ্গে সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে। আগামী বুধবার (২৯ জুলাই) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রংপুর, রাজশাহী, ময়মনসিংহ ও ঢাকা বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে। একই সঙ্গে সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

## তীব্র রূপ নিয়েছে ভোলার

আর মাত্র ৩ থেকে ৪ কিলোমিটার ভাঙলেই বিলীন হতে শুরু করবে খোদ ভোলা জেলা শহর। গত ১৫ বছরে নদীতীর সংরক্ষণ খরচ হয়েছে সাড়ে ৩ হাজার কোটি টাকা। নতুন করে ভাঙন দেখা দেওয়ায় জরুরি ভিত্তিতে ১০ কোটি টাকা ব্যয়ে জিও ব্যাগ ফেলেছে পানি উন্নয়ন বোর্ড। তারা জানায়, নদী ভাঙন ঠেকাতে শিবপুর, ধনিয়া ও মেদুয়া ইউনিয়নের ৪ কিলোমিটার নদীতীর সংরক্ষণ ও ৬ কিলোমিটার বাঁধ পুনর্বাসনে একটি বড় প্রকল্প প্রক্রিয়াধীন রয়েছে। ভোলা-১ আসনে পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী জিয়া উদ্দিন আরিফ বলেন, 'ভোলার ভাঙ্গণ কবলিত এলাকাগুলো রক্ষায় বিভিন্ন প্রকল্পের মাধ্যমে কাজ চলছে। এর মধ্যে শিবপুরকে অধিক গুরুত্ব দিয়ে স্বল্প ও মধ্যমেয়াদি জরুরি প্রকল্পের মাধ্যমে গত ২ বছরে ১০ কোটি টাকা ব্যয়ে জিও ব্যাগ ডাম্পিং করে ভাঙণ ঠেকানোর চেস্টা চালানো হচ্ছে। দীর্ঘ মেয়াদি প্রকল্প হিসাবে ৬৮৫ কোটি টাকার একটি উন্নয়ন প্রকল্প তৈরি করা হয়েছে। এটি বাস্তবায়িত হলে ভাঙণ বন্ধ হবে।' নদীবেষ্টিত দ্বীপজেলা ভোলার ৫০০ কিলোমিটার নদী তীরের মধ্যে সদর উপজেলাতেই রয়েছে ৬০ কিলোমিটার পাড়ই রয়েছে অরক্ষিত। এখনই কার্যকর উদ্যোগ না নিলে যে কোনো মুহূর্তে মানচিত্র থেকে হারিয়ে যেতে পারে ভোলা শহর। এমনটাই শঙ্কা নদীপাড়ের মানুষের।

## টানা বৃষ্টি ও পাহাড়ি ঢলে স্বপ্ন

বলেন, এক একর জমিতে মরিচের আবাদ করেছিলেন। কিন্তু কয়েক দিনের ভারী বর্ষণ ও নদীর পানি বৃদ্ধিতে পুরো ক্ষেত তলিয়ে যাওয়ায় তার সব পরিশ্রম নষ্ট হয়ে গেছে। বরিশাল অঞ্চলের কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক রফিকুল ইসলাম বলেন, ক্ষতিগ্রস্ত কৃষকের সংখ্যা সবচেয়ে বেশি পিরোজপুরে, যেখানে ২৫ হাজার ৮০০ জন কৃষক ক্ষতির মুখে পড়েছেন। এছাড়া ঝালকাঠিতে ১ হাজার ৭১৫ জন, পটুয়াখালীতে ৮ হাজার ৭৭০ জন, বরগুনায় ১ হাজার ১২৫ জন এবং ভোলায় ৩ হাজার ৮০০ জন কৃষক ক্ষতিগ্রস্ত হয়েছেন। তিনি আরও বলেন, বরিশাল অঞ্চলে এখনও বৃষ্টিপাত অব্যাহত রয়েছে এবং নদ-নদীর পানি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হওয়ায় প্রতিনিয়ত নতুন নতুন এলাকা প্লাবিত হচ্ছে। এতে নিম্নাঞ্চলের আরও ফসলি জমি ঝুঁকির মধ্যে পড়ছে। বৃষ্টি অব্যাহত থাকলে ক্ষতির পরিমাণ আরও বাড়তে পারে এবং চলতি মৌসুমে কৃষি উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জন কঠিন হয়ে পড়ার আশঙ্কা রয়েছে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বরিশালের নির্বাহী প্রকৌশলী মো. জাবেদ ইকবাল বলেন, ভারী বৃষ্টিপাত এবং পাহাড়ি ঢলের কারণে জমা পানি নেমে যাওয়ার সঙ্গে সঙ্গে বিভিন্ন স্থানে নদীর ভাঙন শুরু হয়েছে। হিসাব অনুযায়ী প্রায় ২৭ কিলোমিটার নদীর পাড় ভেঙেছে। পানি উন্নয়ন বোর্ড ইতোমধ্যে ৬ কিলোমিটার ভাঙন রোধের কাজ সম্পন্ন করেছে। বাকি কাজ চলমান রয়েছে। এছাড়া জেলার কোথাও বেরিবাঁধ ভাঙনের খবর পাওয়া যায়নি। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামার বাড়ি বরিশালের উপ-পরিচালক মোসাম্মৎ মরিয়ম বলেন, ভারী বৃষ্টিপাত এবং উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলের কারণে ফসলি জমিতে পানি জমে ফসলের ক্ষতি ও কৃষকরা সাময়িক ক্ষতিগ্রস্ত হলেও এতে কৃষিতে তেমন একটা প্রভাব পড়বে না। তিনি আরও বলেন, অল্প সময়ের মধ্যে পানি নেমে যাওয়ায় কৃষকরা যে ক্ষতির সম্মুখীন হয়েছে তা শিগগিরই কাটিয়ে উঠতে পারবে। কারণ কৃষকদের জন্য বিভিন্ন ধরনের সরকারি প্রণোদনা দেওয়া হয়। ইতোমধ্যে ক্ষতিগ্রস্ত কৃষকদের তালিকা তৈরি করা হয়েছে, নতুন প্রণোদনা পেলে আবার তা বিতরণ করা হবে।

## আন্দোলন স্থগিত করল ভারতের

সৌরভ দাশ। একই সঙ্গে আন্দোলনকারীদের অবিলম্বে আন্দোলনস্থল খালি করার আহ্বান জানান তিনি। সরকারের পক্ষ থেকে আন্দোলনের সব দাবি বিবেচনা করার আশ্বাস দেওয়া হয়েছে বলে জানান সিজেপি মুখপাত্র। সংবাদ সম্মেলনে ভারতের কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাড্ডা জানান, আন্দোলনকারীদের বিরুদ্ধে দায়ের করা সব এফআইআর প্রত্যাহার করে নেবে সরকার। নিট প্রশ্ন ফাঁসকাণ্ডের জেরে আত্মহত্যা করা শিক্ষার্থীদের পরিবারগুলোকে উপযুক্ত ক্ষতিপূরণ দেওয়ার কথাও জানান তিনি। সিজেপির পক্ষ থেকেও জানানো হয়েছে, মৃত শিক্ষার্থীদের পরিবারগুলোর জন্য সম্মানজনক ক্ষতিপূরণের পরিমাণ খুব দ্রুত নির্ধারণ করা হবে। সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে সিজেপি জানিয়েছে, তাদের পাঁচ দফা পরীক্ষা সংস্কারের প্রস্তাবগুলো গুরুত্বের সঙ্গে বিবেচনা করবে কেন্দ্র। এই সংস্কারগুলো নিয়ে বিস্তারিত আলোচনার জন্য সরকারের সঙ্গে আবারও বৈঠকে বসবে সিজেপি। সরকারের পক্ষ থেকে তাদের সব দাবি মেনে নেওয়া হয়েছে বলে জানায় দলটি। ৩৬ দিন ধরে চলা এই আন্দোলনের পর শান্তিপূর্ণভাবে আন্দোলনস্থল ত্যাগ করার জন্য সবার প্রতি আহ্বান জানিয়েছেন সিজেপির মুখপাত্র আশুতোষ রঙ্কা। এর আগে শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান পদত্যাগ করার পর সিজেপি সামাজিক যোগাযোগমাধ্যমে জানিয়েছিল, তাদের সব দাবি মেনে না নেওয়া পর্যন্ত আন্দোলন চলবে। এসব দাবির মধ্যে ছিল মৃতদের পরিবারকে এক কোটি রুপি করে ক্ষতিপূরণ, আন্দোলনকারীদের বিরুদ্ধে সব মামলা প্রত্যাহার, আন্দোলনকারীদের ওপর নির্যাতনের জন্য দিল্লি পুলিশের প্রকাশ্যে ক্ষমাপ্রার্থনা এবং পাঁচ দফা সংস্কার প্রস্তাবের বাস্তবায়ন। জানা গেছে, নিহতদের পরিবারকে এক কোটি রুপি ক্ষতিপূরণ এবং পুলিশের ক্ষমা চাওয়ার মতো বিষয়গুলো নিয়ে পরবর্তী আলোচনার জন্য চার সপ্তাহ পর সরকারের সঙ্গে ফের বৈঠকে বসবে সিজেপির প্রতিনিধিদল।

# সৌদির ‘কিং খালিদ’ বিমানঘাঁটি ও তেল স্থাপনায় ক্ষেপণাস্ত্র হামলা

কীর্তনখোলা ডেস্ক
সৌদি আরবের দক্ষিণাঞ্চলীয় আসির প্রদেশের কিং খালিদ বিমানঘাঁটিতে ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে ইয়েমেনের সশস্ত্র বাহিনী। পাশাপাশি সৌদির জিজান অঞ্চলের তেল স্থাপনাগুলোতে ক্ষেপণাস্ত্র হামলার দাবি করেছে ইয়েমেনের ৩ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ রবিবার ॥ ২৬ জুলাই ২০২৬ ॥ ১১ শ্রাবণ ১৪৩৩

# আন্দোলন স্থগিত করল ভারতের ‘ককরোচ পার্টি’

কীর্তনখোলা ডেস্ক
কেন্দ্রীয় সরকার শিক্ষার্থীদের সব দাবি মেনে নেওয়ায় আন্দোলন স্থগিত ঘোষণা করেছে ককরোচ জনতা পার্টি (সিজেপি)। শনিবার (২৫ জুলাই) কেন্দ্রীয় সরকারের সঙ্গে বৈঠকের পর যৌথ সংবাদ সম্মেলনে এই ঘোষণা দেন সিজেপির মুখপাত্র ৩ এর পাতায় দেখুন



# তীব্র রূপ নিয়েছে ভোলার মেঘনা নদীর ভাঙন

ভোলা প্রতিনিধি
টানা বৃষ্টি, বৈরী আবহাওয়ার প্রভাবে ভোলায় মেঘনা নদীর ভাঙন তীব্র রূপ নিয়েছে। বিশেষ করে জেলা শহর থেকে মাত্র ৩ কিলোমিটার দূরের শিবপুর ইউনিয়নসহ আশেপাশের এলাকায় ভয়াবহ ভাঙনে নদীগর্ভে বিলীন হয়ে যাওয়ার আশঙ্কা জেলার গুরুত্বপূর্ণ স্থাপনা। এ অবস্থায় জেলা শহর রক্ষায় স্থায়ী ও টেকসই প্রকল্প গ্রহণের দাবি জানিয়েছেন স্থানীয়রা। মেঘনা তীরবর্তী ভোলা সদরের শিবপুর ইউনিয়ন। এলাকার ভোলাখাল ধান, সুপারি ও ইলিশ কেনাবেচার জন্য সুপরিচিত। গরিবের দুবাই হিসেবে পরিচিতি পাওয়া আলোচিত জনপদে নেমে এসেছে মেঘনার নির্মম থাবা। চলতি বর্ষায় নদী তীরবর্তী ১ কিলোমিটার এলাকার হাট-বাজার, ঘরবাড়ি ও ফসলি জমি এখন মেঘনার গর্ভে। শুধু শিবপুরই নয়, গত দুই দশকে পার্শ্ববর্তী মেদুয়া ও ধনিয়া ইউনিয়নের অন্তত ১০ কিলোমিটার এলাকা বিলীন হয়েছে নদীগর্ভে। ভুক্তভোগীদের দাবি ৩ এর পাতায় দেখুন

# ৬ শিক্ষার্থীর জন্য ৪ জন শিক্ষক প্রধান শিক্ষকহীন ১৭ বছর

কাউখালী প্রতিনিধি
পিরোজপুরের কাউখালী উপজেলার সয়না রঘুনাথপুর ইউনিয়নের জব্দকাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থী সংকট চরম আকার ধারণ করেছে। বর্তমানে বিদ্যালয়টিতে মাত্র ৬ জন শিক্ষার্থী রয়েছে। বিপরীতে কর্মরত শিক্ষক ৪ জন। দীর্ঘদিন ধরে প্রধান শিক্ষকের পদ শূন্য থাকায় ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করছেন সহকারী শিক্ষক দীপঙ্কর শিকদার। বিদ্যালয় সূত্রে জানা যায়, প্রাক প্রাথমিকে ২ জন, প্রথম শ্রেণিতে ১ জন, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণিতে কোনো শিক্ষার্থী নেই, চতুর্থ শ্রেণিতে ২ জন এবং পঞ্চম শ্রেণিতে ১ জন শিক্ষার্থী রয়েছে। সব মিলিয়ে বিদ্যালয়টিতে বর্তমানে মাত্র ৬ জন শিক্ষার্থী নিয়মিত পাঠ গ্রহণ করছে। স্থানীয়দের দাবি, বিদ্যালয়টির ৩ এর পাতায় দেখুন

# বিকাশে কোটি টাকার সন্দেহজনক লেনদেন, গ্রেফতার দুই

মঠবাড়িয়া প্রতিনিধি
মঠবাড়িয়ায় অনলাইন জুয়ার সঙ্গে সংশ্লিষ্ট অস্বাভাবিক আর্থিক লেনদেনের অভিযোগে দুইজনকে গ্রেফতার করেছে মঠবাড়িয়া থানা পুলিশ। পুলিশের দাবি, মাত্র তিন ঘণ্টায় একটি বিকাশ অ্যাকাউন্টে ৯৯ লাখ ৯০ হাজার ৪৫২ টাকা লেনদেনের তথ্য পাওয়া গেছে। গ্রেফতার ব্যক্তিরা হলেন প্রদীপ হালদার (৩০), বরিশালের গৌরনদী উপজেলার বাটাজোর হরহর গ্রামের মৃত পরিমল হালদারের ছেলে এবং সমির চন্দ্র খরাতী (৪০), পিরোজপুরের মঠবাড়িয়া উপজেলার সাপলেজা ইউনিয়নের নলী গোলবুনিয়া গ্রামের মৃত সন্তোষ কুমার খরাতীর ছেলে। এ ঘটনায় মঠবাড়িয়া থানার এসআই আবুল হাসান সিকদার বাদী হয়ে অনলাইন জুয়া প্রতিরোধ আইনে একটি মামলা দায়ের ৩ এর পাতায় দেখুন





# গণমাধ্যম কর্মীদের সাথে প্রতিমন্ত্রী রাজিব আহসানের মতবিনিময়

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি
মেহেন্দিগঞ্জ উপজেলায় বিভিন্ন গণমাধ্যমে কর্মরত সংবাদ কর্মীদের সাথে মতবিনিময় সভা করেছেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নৌপরিবহন মন্ত্রনালয় ও সেতু বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী রাজিব আহসান। মেহেন্দিগঞ্জ উপজেলা মাল্টিপারপাস হল রুমে অনুষ্ঠিত এই মতবিনিময় সভায় এলাকার বিভিন্ন সমস্যা, সম্ভাবনা ও উন্নয়ন নিয়ে খোলামেলা আলোচনা করেন তিনি। এসময় উপস্থিত ছিলেন মেহেন্দিগঞ্জ উপজেলা বিএনপির ৩ এর পাতায় দেখুন

# নলছিটিতে মাদকসহ ছাত্রদল নেতা গ্রেফতার

নলছিটি প্রতিনিধি
ঝালকাঠির নলছিটিতে পৃথক অভিযান চালিয়ে গাঁজাসহ পৌর ছাত্রদলের এক নেতাকে এবং ২০ পিস ইয়াবাসহ এক ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ। শুক্রবার (২৪ জুলাই) রাতে উপজেলার পৃথক এলাকা থেকে তাদের গ্রেফতার করা হয়। পুলিশ সূত্রে জানা যায়, শুক্রবার রাতে নলছিটি শহরের সবুজবাগ এলাকায় অভিযান চালিয়ে গাঁজাসহ পৌর ছাত্রদলের আহ্বায়ক কমিটির সদস্য আদনান রুবেলকে (২৮) গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত রুবেল ওই এলাকার আব্দুস ছত্তার হাওলাদারের ছেলে। পুলিশের দাবি, গ্রেপ্তারের পর রুবেলকে ছাড়িয়ে নেওয়ার জন্য পরিবারের পক্ষ থেকে নানা তদবির করা হয়েছিল। তবে মাদকের ৩ এর পাতায় দেখুন



# লালমোহনে বাসের ধাক্কায় শিশুর মর্মান্তিক মৃত্যু

লালমোহন প্রতিনিধি
ভোলার লালমোহন উপজেলায় যাত্রীবাহী বাসের চাপায় মোসা. মাইশা আক্তার (৬) নামে এক শিশু নিহত হয়েছে। শনিবার বিকেলে উপজেলার পশ্চিম চরউমেদ ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের ভোলা-চরফ্যাশন আঞ্চলিক মহাসড়কের সৈনিক বাজার এলাকায় এ দুর্ঘটনাটি ঘটে। নিহত শিশু মাইশা ওই এলাকার মো. বিল্লাল হোসেনের মেয়ে। জানা গেছে, শনিবার বিকেলে লালমোহন উপজেলার সৈনিক বাজার এলাকায় সড়ক পার হচ্ছিল শিশু মাইশা আক্তার। এ সময় ভোলা থেকে ছেড়ে আসা চরফ্যাশনগামী একটি দ্রুতগতির যাত্রীবাহী বাস তাকে চাপা দেয়। বাসের চাপায় ঘটনাস্থলেই মারা যায় শিশু মাইশা। দুর্ঘটনার পর, ঘটনা বুঝতে ৩ এর পাতায় দেখুন

# পাঁচ দিন ধরে দেশজুড়ে বৃষ্টির আভাস

কীর্তনখোলা ডেস্ক
উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন গাঙ্গেয় পশ্চিমবঙ্গ-উত্তর উড়িষ্যা উপকূলীয় এলাকায় একটি লঘুচাপ সৃষ্টি হয়েছে। এর প্রভাবে দেশের বিভিন্ন অঞ্চলে আগামী পাঁচ দিন দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি এবং কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। এ সময় কোথাও কোথাও দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে বলে জানিয়েছে সংস্থাটি। শনিবার (২৫ জুলাই) বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ আফরোজা সুলতানার ৩ এর পাতায় দেখুন

# বাবুগঞ্জে মাদকবিরোধী অভিযানে গাঁজাসহ গ্রেপ্তার ৩

বাবুগঞ্জ প্রতিনিধি
বরিশালের বাবুগঞ্জ উপজেলায় মাদকবিরোধী বিশেষ অভিযানে ১ কেজি গাঁজাসহ তিনজন মাদক কারবারিকে আটক করেছে বাবুগঞ্জ থানা পুলিশ। শনিবার (২৫ জুলাই) দিবাগত রাত আনুমানিক দেড়টার দিকে বাবুগঞ্জ থানার উপ-পরিদর্শক (এসআই) অপু চন্দ্র বিশ্বাসের নেতৃত্বে পরিচালিত অভিযানে উপজেলার রাকুদিয়া নতুনহাট এলাকা থেকে তাদের আটক করা হয়। আটককৃতরা হলেন- রাকুদিয়া গ্রামের ইউনুস রাঢ়ীর ছেলে মিলন হোসেন (৩৭), রফিকুল ইসলামের ছেলে মেহেদী হাসান (২৬) এবং ফারুক খলিফার ছেলে সুজন খলিফা (২৫)। তারা সকলেই বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলার রাকুদিয়া গ্রামের বাসিন্দা। পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে পরিচালিত এ অভিযানে আটক তিনজনের কাছ থেকে ১ কেজি গাঁজা উদ্ধার করা হয়। এ ঘটনায় তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে বাবুগঞ্জ থানায় একটি মামলা দায়ের করে গ্রেফতারকৃত তিন আসামিকে আদালতে প্রেরণ করা হয়েছে। বাবুগঞ্জ থানার অফিসার ইনচার্জ ৩ এর পাতায় দেখুন



# ভাণ্ডারিয়ার ইকড়ি ইউপি সচিবের বিরুদ্ধে অনিয়ম ও ঘুষের অভিযোগ

ভাণ্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুর জেলার ভাণ্ডারিয়া উপজেলার ৪নং ইকড়ি ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা (সচিব) আল-মাসুম খানের বিরুদ্ধে চরম অনিয়ম, দুর্নীতি ও ঘুষ গ্রহণের অভিযোগ উঠেছে। এসব অনিয়মের প্রতিকার ও অভিযুক্ত সচিবের অপসারণের দাবিতে ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে বিক্ষোভ প্রদর্শন করেছেন ভুক্তভোগী স্থানীয় এলাকাবাসী। স্থানীয়দের অভিযোগ, ইউনিয়ন পরিষদ থেকে নাগরিক সেবা নিতে এসে সাধারণ মানুষ প্রতিনিয়ত হয়রানির শিকার হচ্ছেন। জন্মনিবন্ধন, ওয়ারিশ সনদসহ বিভিন্ন ৩ এর পাতায় দেখুন

# এমন নির্মম হত্যাকাণ্ড আগে দেখেনি গ্রামবাসী

কলাপাড়া প্রতিনিধি
সামান্য খাসজমি নিয়ে বিরোধ চলছিল দীর্ঘ বছর ধরে। সরকারি সম্পত্তি হলেও ছোট একটি ডোবার মালিকানা নিয়ে বিরোধে জড়িয়ে পড়ে দুই পক্ষ। তবে এরপর যা ঘটে তা সিনেমার নির্মম দৃশ্যকেও হার মানিয়ে গেছে বলছেন প্রত্যক্ষদর্শীরা। বয়োবৃদ্ধ হারিচ মিয়ার বাড়ির সীমানায় জবর দখলে বাধা দিলে শুরু হয় মধ্যযুগীয় কায়দায় নির্যাতন। কখনো পানিতে চুবিয়ে, আবার কখনো কাদার মধ্যে পুঁতে রেখে চালানো হয় নির্যাতনের খড়্গ। আর পরিবারের সব চেয়ে বয়স্ক মানুষের ওপর এমন পৈশাচিকতা দেখে তাকে বাঁচাতে ছুটে যান ঘরে থাকা নারী সদস্যরা। তবে শেষ রক্ষা হয়নি তাদেরও। বিশেষভাবে তৈরি কাঠের গুঁড়ি আর লোহার রড দিয়ে তাদেরও এলোপাতাড়ি পিটিয়ে বেঁধে রাখা হয় বৈদ্যুতিক খুঁটির ৩ এর পাতায় দেখুন





# ভাঙনে বিলীন সড়ক, দুর্ভোগে পাঁচ গ্রামের হাজারো মানুষ

নেছারাবাদ প্রতিনিধি
টানা কয়েক দিনের ভারী বর্ষণে পিরোজপুরের নেছারাবাদ উপজেলার বলদিয়া ইউনিয়নের রাজাবাড়ি থেকে জিলবাড়ি পর্যন্ত এলজিইডির আওতাধীন গুরুত্বপূর্ণ সড়কের একাধিক অংশ খালের গর্ভে বিলীন হয়েছে। এতে অটোরিকশা, ভ্যানসহ সব ধরনের হালকা যানবাহন চলাচল বন্ধ হয়ে গেছে। দীর্ঘদিন ধরে ভাঙন চললেও স্থায়ী সংস্কারে কার্যকর উদ্যোগ না নেওয়ায় চরম দুর্ভোগে পড়েছেন অন্তত পাঁচটি গ্রামের হাজারো মানুষ। সবচেয়ে বেশি ভোগান্তিতে রয়েছেন শিক্ষার্থী, রোগী, বৃদ্ধ ও কর্মজীবী মানুষ। বিন্না, রাজাবাড়ি, জিলবাড়ি, উড়িবুনিয়া, লেবুবাড়িসহ আশপাশের কয়েকটি গ্রামের বাসিন্দাদের উপজেলা সদরে যাতায়াত কার্যত দুরূহ হয়ে পড়েছে। সরেজমিন দেখা যায়, রাজাবাড়িতে মহিউদ্দিন চেয়ারম্যানের বাড়ির সামনের অংশ থেকে বিন্না বাজার হয়ে জিলবাড়ি পর্যন্ত ৩ এর পাতায় দেখুন

# পাথরঘাটায় বিদ্যুতায়িত হয়ে নির্মাণশ্রমিকের মৃত্যু

পাথরঘাটা প্রতিনিধি
বরগুনার পাথরঘাটায় ভবনের নির্মাণকাজ করতে গিয়ে বিদ্যুতায়িত হয়ে হাসান গাজী (৩৫) নামে এক নির্মাণশ্রমিকের মৃত্যু হয়েছে। শনিবার (২৫ জুলাই) সকাল ৮টার দিকে উপজেলার কাঁঠালতলী ইউনিয়নের তালুক চরদুয়ানী বাজার এলাকায় রিপনের নির্মাণাধীন ভবনে কাজ করার সময় এ দুর্ঘটনা ঘটে। গুরুতর আহত অবস্থায় সহকর্মীরা পাথরঘাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক সকাল ৯টার দিকে তাঁকে মৃত ঘোষণা করেন। নিহত হাসান গাজী কাঁঠালতলী ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের একই গ্রামের আব্দুস সাত্তার গাজীর ছেলে। স্থানীয় সূত্রে জানা গেছে, শনিবার সকালে হাসান গাজী নির্মাণশ্রমিক হিসেবে কাজ করতে তালুক চরদুয়ানী বাজারের ওই ৩ এর পাতায় দেখুন

# কাদামাখা পথে দুই হাজার মানুষের দুর্ভোগ, উন্নয়নের অপেক্ষায় চাওড়াবাসী

আমতলী প্রতিনিধি
বরগুনার আমতলী উপজেলার প্রত্যন্ত গ্রামাঞ্চলে এখনো কাদা মাড়িয়েই চলাচল করতে হয় হাজারো মানুষকে। বছরের পর বছর ধরে জনপ্রতিনিধিদের আশ্বাস মিললেও বাস্তবে উন্নয়ন ছোঁয়া লাগেনি গুরুত্বপূর্ণ একটি সড়কে। ফলে শিক্ষার্থী, কৃষক, কর্মজীবী মানুষ এবং রোগী পরিবহনে চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে স্থানীয় বাসিন্দাদের। স্থানীয়দের প্রত্যাশা, এই সড়কটি দ্রুত সংস্কার বা পাকা করা হলে সব মানুষের দুর্ভোগ কমে আসবে। সরেজমিনে দেখা যায়, উপজেলার চাওড়া ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের চাওড়া এলাকার একটি গুরুত্বপূর্ণ সড়ক দীর্ঘদিন ধরে কাঁচা ও চলাচলের অনুপযোগী অবস্থায় রয়েছে। চাওড়া-চলাভাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে চাওড়া-লোদা সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত বিস্তৃত ৩ এর পাতায় দেখুন

# ভাড়া বাসা থেকে সিরীয় বংশোদ্ভূত দ্বৈত নাগরিকের মরদেহ উদ্ধার

পটুয়াখালী প্রতিনিধি
পটুয়াখালী শহরের নবাবপাড়া এলাকার একটি ভাড়া বাসা থেকে মাজেদ আল খতিব (৭৩) নামে সিরীয় বংশোদ্ভূত এক বাংলাদেশি দ্বৈত নাগরিকের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। শুক্রবার রাত ৯টার দিকে সদর থানা-পুলিশ বাসার একটি কক্ষের দরজা ভেঙে তাঁর মরদেহ উদ্ধার করে। পুলিশ জানায়, মাজেদ আল খতিব সিরিয়ার নাগরিক হলেও তিনি বাংলাদেশি দ্বৈত নাগরিকত্বের অধিকারী ছিলেন। দীর্ঘদিন ধরে তিনি নবাবপাড়া এলাকায় একটি ভাড়া বাসায় একাই বসবাস করতেন। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, রাতে খাবার দিতে গিয়ে এক ব্যক্তি মাজেদ আল খতিবের কক্ষের দরজা ভেতর থেকে বন্ধ দেখতে পান। বিষয়টি বাড়ির মালিককে জানালে তিনি পুলিশে খবর দেন। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে দরজা ভেঙে কক্ষে প্রবেশ করে খাটের ওপর মাজেদ আল খতিবকে নিথর অবস্থায় পড়ে থাকতে দেখে। পরে পুলিশ তাঁর মৃত্যুর বিষয়টি ৩ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

# আলোশিখা রাজিহার সমাজ উন্নয়ন কেন্দ্রে শান্তি প্রতিষ্ঠায় র‍্যালী

আগৈলঝাড়া প্রতিনিধি
বরিশালের আগৈলঝাড়া উপজেলা আলোশিখা রাজিহার সমাজ উন্নয়ন কেন্দ্রের উদ্দ্যোগে ২২ জুলাই বুধবার দুপুরে শান্তি প্রতিষ্ঠা উপলক্ষে রাজিহার সড়কে ও ক্যাম্পাসে এক র‍্যালী অনুষ্ঠিত হয়। দক্ষিণ কোরিয়ার সাথে আলোশিখা রাজিহার সমাজ উন্নয়ন কেন্দ্রের শান্তি প্রতিষ্ঠার জন্য একসাথে ভবিষ্যতে কাজ করা উপলক্ষে ছাত্র/ছাত্রী ও স্থানীয় বিভিন্ন পর্যায়ে নেতৃবর্গদের নিয়ে এক বর্ণাঢ্য র‍্যালী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আলোশিখা ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার:
এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স
শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে
বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য:
০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার:
মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ
কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য:
০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম



কম্পিউটারের সবকিছুই
আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution,
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com